দৈনিক আমাদের সময়

তারিখ ২৮ AUG 2017
পৃষ্ঠা ১ কলাম ২

# মেডিক্যাল ভর্তি পরীক্ষায় নম্বর কাটার বৈধতা প্রশ্নে রিট

নিজস্ব প্রতিবেদক ●
মেডিক্যালে ভর্তি পরীক্ষায় দ্বিতীয়বার অংশগ্রহণকারীদের প্রাপ্ত নম্বর থেকে মেধাতালিকা তৈরির সময় পাঁচ নম্বর কেটে নেওয়ার সিদ্ধান্তকে অবৈধ ঘোষণার নির্দেশনা চেয়ে রিট করা হয়েছে। সুপ্রিমকোর্টের আইনজীবী ইউনুছ আলী আকন্দ গতকাল রবিবার হাইকোর্টের সংশ্লিষ্ট শাখায় রিটটি করেন।

ইউনুস আলী আকন্দ সাংবাদিকদের জানান, বিচারপতি এম ইনায়েতুর এরপর পৃষ্ঠা ১১, কলাম ৩

## মেডিক্যাল ভর্তি পরীক্ষায়

(প্রথম পৃষ্ঠার পর) রহিম ও বিচারপতি মো. জাহাঙ্গীর হোসেনের অবকাশকালীন হাইকোর্ট বেঞ্চে আজ আবেদনটির ওপর শুনানি হতে পারে।

রিটে স্বাস্থ্য সচিব, স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক, পরিচালক, মেডিক্যাল ও ডেন্টাল কাউন্সিলের চেয়ারম্যান ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসিকে বিবাদী করা হয়েছে। রিটে আবেদনে বলা হয়েছে, দ্বিতীয়বার ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারীদের পাঁচ নম্বর কেটে নেওয়ার সিদ্ধান্ত মৌলিক অধিকারের পরিপন্থী।

পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................................
তারিখ.................................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর